গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা

এবং

পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা'র মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১- জুন ৩০, ২০২২

# সূচিপত্র


কর্মসম্পাদনের সার্বিক চিত্র..........................................................................................০৩

উপক্রমণিকা..................................................................................................................০৪

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উবেদ্দশ্যসমূহ এবং কার্যাবলি..................০৫

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome /Impact)........................................০৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন এবং লক্ষ্যমাত্রাসমূহ..............................০৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)...........................................................................১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ.............................১৫

সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ......১৭

## কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview Performance)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরগুলোর (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

কৃষিবিষয়ক তথ্য ও প্রযুক্তি গণমাধ্যমের সহায়তায় কৃষক, সম্প্রসারণকর্মীসহ সংশ্লিষ্ট উপকারভোগীর কাছে সময়মতো পৌঁছে দেয়া কৃষি তথ্য সার্ভিসের প্রধান দায়িত্ব। বিগত তিন বছরে ১৫টি কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) স্থাপনের ফলে কুমিল্লা অঞ্চলে প্রতিদিন গড়ে ২২-২৫ জন মানুষ প্রতিটি কেন্দ্র থেকে তথ্য সেবা গ্রহণ করছেন। সাম্প্রতিক বছরে কৃষি তথ্যসমৃদ্ধ আঞ্চলিক ওয়েবসাইট তৈরি করা হয়েছে। কৃষি প্রযুক্তিগত তথ্যসেবার কার্যকর বিস্তারের লক্ষ্যে ৪০০ জন জনবলকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১২ টি সেমিনার কর্মশালার আয়োজন করা হয়েছে। এছাড়াও বিবেচ্য সময়ে ৩০০টি কৃষি প্রযুক্তিভিত্তিক বিভিন্ন ফিল্ম/ফিলার/ডক্যুমেন্টারি তথা সিনেমা শো প্রদর্শন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

কৃষি তথ্য সার্ভিসের কুমিল্লা আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে এর আওতাধীন ৩টি জেলায় তথ্য সেবা কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। তবে কুমিল্লা অঞ্চলে ১টি স্থায়ী অফিস ভবন থাকলেও রাজস্ব খাতভুক্ত ৪টি পদের বিপরীতে মাত্র ২(দুই) জন জনবল থাকায় গুণগতমানের সেবা প্রদান বাধাগ্রস্ত হচ্ছে। অপ্রতুল জনবলের ফলে বিভিন্ন চাহিদামাফিক তথ্য সেবা বিতরণ ব্যাহত হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে কৃষকের নিকট উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির তথ্যবিস্তারে ৫০০০ মুদ্রিত মুদ্রণ সামগ্রী  পোস্টার/বুকলেট/লিফলেট/ফোল্ডার) মুদ্রণ, ০১টি ফিল্ম/ফিলার/ডক্যুমেন্টারী নির্মান ও ৬০টি সিনেমা শোর আয়োজন করা হবে । মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষে ৪০০০ মুদ্রিত মুদ্রণ সামগ্রী পোস্টার/বুকলেট/পুস্তক মুদ্রণ করা হবে।এছাড়াও কোভিড ১৯ মহামারী মোকাবেলায় করণীয় ২০০০ সংখ্যক পোস্টার, স্টিকার ও ফেস্টুন মুদ্রণের উদ্যোগ নেয়া হবে।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- কৃষকের নিকট উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির তথ্যবিস্তার লক্ষ্যে ৫০০০ কপি পোস্টার/বুকলেট/লিফলেট/ফোল্ডার মুদ্রণ করা হবে;
- ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিতে কৃষি প্রযুক্তি বিষয়ক ৬০টি সিনেমা শো প্রদর্শন;
- ০১টি ফিল্ম/ফিলার/ডকুমেন্টারী নির্মান;
- ভূ-উপরিস্থিত পানির ব্যবহার উৎসাহিত করণে ৫০০০ লিফলেট ফোল্ডার মুদ্রণ;

## উপক্রমণিকা(Preamble)

আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি তথ্য সার্ভিস এর পরিচালক

এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই সমঝোতা স্মারকে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## কৃষি তথ্য সার্ভিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

আধুনিক কৃষি তথ্য সেবা সহজলভ্য।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

প্রিন্ট, ইলেকট্রনিক ও আইসিটি গণমাধ্যমের সহায়তায় কৃষিবিষয়ক তথ্য ও প্রযুক্তি সংশ্লিষ্ট উপকারভোগীদের কাছে সহজলভ্য করে জনসচেতনতা সৃষ্টি।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

### ১.৪ কার্যাবলি (Functions):

- কৃষিবিষয়ক আধুনিক তথ্য ও প্রযুক্তি নির্ভর বিভিন্ন মুদ্রণ সামগ্রী যেমন-মাসিক 'কৃষিকথা', মাসিক 'সম্প্রসারণ বার্তা', লিফলেট, বুকলেট, ফোল্ডার, পোস্টার ইত্যাদি বিতরণ;
- কৃষিবিষয়ক ভিডিও, ফিল্ম-ফিলার, টকশো, ডকুমেন্টারি সম্প্রচার;
- বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে কৃষিবিষয়ক অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচারে কারিগরী সহায়তা প্রদান;
- প্রত্যন্ত অঞ্চলে গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে সিনেমা শো আয়োজনের মাধ্যমে কৃষিবিষয়ক ভিডিও চলচ্চিত্র প্রদর্শন;
- কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) এর মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর কাছে ই-তথ্য সেবা পৌঁছে দেয়া;
- বিভিন্ন ই-কৃষিভিত্তিক সেবা কার্যক্রম যেমন-ওয়েবসাইট, ই-বুক, কল সেন্টার ইত্যাদির মাধ্যমে তথ্য সেবা বিতরণ;
- প্রশিক্ষণ, সভা, সেমিনার, মেলা ইত্যাদি আয়োজনের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি ও সচেতনতা বৃদ্ধি।

# অঞ্চল- কুমিল্লা

## সেকশন ২

## কৃষি তথ্য সার্ভিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | চূড়ান্ত ফলাফল সূচক (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৯-২০ | ২০২০-২১ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| . ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | [১.১.১] মুদ্রিত মুদ্রণ সামগ্রী(পোস্টার/বুকলেট/লিফলেট/ফোল্ডার) | সংখ্যা | ৩৫০০ | ৫০০০ | ৫০০০ | ৫৫০০ | ৬০০০ | | |
| | [১.১.২] নির্মিত ফিল্ম/ফিলার/ডক্যুমেন্টারী | সংখ্যা | ০ | ০১ | ১ | ২ | ২ | | |
| | [১.১.৩] প্রদর্শিত সিনেমা শো | সংখ্যা | ০ | ৩৩ | ৬০ | ৭০ | ৮০ | | |

# অঞ্চল- কুমিল্লা

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| **কৌশলগত উদ্দেশ্য** (Strategic Objectives) | **কৌশলগত উদ্দেশ্যর মান** (Weight of Strategic Objectives) | **কার্যক্রম** (Activities) | **কর্মসম্পাদন সূচক** (Performance Indicator) | **একক** (Unit) | **কার্যসম্পাদন সূচকের মান** (Weight of PI) | ভিত্তি বছর ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | **লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২** (Target/Criteria Value for FY 2021-22) | | | | | **প্রক্ষেপণ** (Projection) ২০২২-২৩ | **প্রক্ষেপণ** (Projection) ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১. ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ৩০ | [১.১] কৃষকের নিকট উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির তথ্যবিস্তার | [১.১.১] মুদ্রিত মুদ্রণ সামগ্রী(পোস্টার/বুকলেট/লিফলেট/ফোল্ডার) | সংখ্যা | ১০ | ৫০০০ | ৫০০০ | ৫০০০ | ৪৫০০ | ৪০০০ | ৩৫০০ | ৩০০০ | ৫৫০০ | ৬০০০ |
| | | | [১.১.২] নির্মিত ফিল্ম/ফিলার/ডক্যুমেন্টারী | সংখ্যা | ১০ | ০১ | ১ | ১ | ০ | ০ | ০ | ০ | ২ | ৩ |
| | | | [১.১.৩] প্রদর্শিত সিনেমা শো | সংখ্যা | ১০ | ৩৩ | ৬০ | ৬০ | ৫৩ | ৪৬ | ৩৫ | ২০ | ৬৫ | ৭০ |
| [২] মিডিয়া ভিত্তিক প্রচার প্রকাশনায় সহায়তা বৃদ্ধিকরণ | ২০ | [২.১] মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষে প্রচার ও প্রকাশনা | [২.১.১] মুদ্রিত মুদ্রণ সামগ্রী পোস্টার/বুকলেট/পুস্তক | সংখ্যা | ১০ | - | ৪০০০ | ৪০০০ | ৩৫০০ | ২৮০০ | ২০০০ | ১৫০০ | ৪৫০০ | ৫০০০ |
| | | [২.২] কোভিড ১৯ মহামারী মোকাবেলায় করণীয় | [২.২.১] মুদ্রিত মুদ্রণ সামগ্রী পোষ্টার/স্টিকার/ফেস্টুন | সংখ্যা | ১০ | - | ২০০০ | ২০০০ | ১৫০০ | ১২০০ | ৮০০ | ৫০০ | ২২০০ | ২৫০০ |
| [৩] কৃষি ভূসম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ | ২০ | [৩.১] জৈবসার/সবুজসার/জীবাণু সারের ব্যবহার জনপ্রিয় করণ | [৩.১.১] মুদ্রিত মুদ্রণ সামগ্রী লিফলেট/ফোল্ডার | সংখ্যা | ১০ | ২০০০ | ৩০০০ | ৩০০০ | ২৮০০ | ২০০০ | ১৮০০ | ১২০০ | ৩৬০০ | ৪০০০ |
| | | [৩.২] ভূ-উপরিস্থিত পানির ব্যবহার উৎসাহিত করণ | [৩.২.১] মুদ্রিত মুদ্রণ সামগ্রী লিফলেট/ফোল্ডার | সংখ্যা | ১০ | - | ৫০০০ | ৫০০০ | ৪২০০ | ৩৭০০ | ২৯০০ | ১৫০০ | ৫৭০০ | ৬০০০ |

আমি, আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস এর নিকট অঙ্গীকার করছি যে, এই সমঝোতা স্মারকে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, কৃষি তথ্য সার্ভিস এর পরিচালক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের সম্মানীত সচিব এর প্রতিনিধি হিসেবে আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা'র নিকট অঙ্গীকার করছি যে, এই সমঝোতা স্মারকে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা করব।

স্বাক্ষরিত:

...................................
আঞ্চলিক কৃষি তথ্য অফিসার
কৃষি তথ্য সার্ভিস
কুমিল্লা অঞ্চল, কুমিল্লা

৩০.৬.২০২১
তারিখ

................................
পরিচালক
কৃষি তথ্য সার্ভিস
খামারবাড়ি, ঢাকা

৩০.৬.২০২১
তারিখ

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্র.নং | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১. | এআইএস | এগ্রিকালচার ইনফরমেশন সার্ভিস |
| ২. | এআইসিসি | এগ্রিকালচার ইনফরমেশন এন্ড কমিউনিকেশন সেন্টার |
| ৩. | বিটিভি | বাংলাদেশ টেলিভিশন |
| ৪. | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |

**সংযোজনী-১: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২**

**সংযোজনী-২: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২১-২২**

**সংযোজনী৩: সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও কর্মপরিকল্পনা-২০২১-২২**

**সংযোজনী-৪: অভিযোগ ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা-২০২১-২২**

**সংযোজনী-৫: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা-২০২১-২২**